

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কুমারখালী, কুষ্টিয়া।  
kumarkhali.kushtia.gov.bd

স্মারক নং - ৪৪.০৫.৫০৭১.০০০.১৬.০২৫.২০-

তারিখঃ ২৫ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৯ আগষ্ট, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্রাসরুম রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে।

সূত্রঃ আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০.৯৮৪, তারিখঃ ০৩/০৮/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস মহামারির কারণে প্রায় চার মাস ধরে বাংলাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় দীর্ঘদিন যাবৎ শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্রাসরুম গুলো ব্যবহার না হবার কারণে ল্যাবগুলোতে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী যেমন: ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, প্রিন্টার, স্ক্যানার, রাউটার ইত্যাদি যন্ত্রাংশ সমূহের সঠিকভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছে না। অনেক দিন ধরে ল্যাপটপসমূহের ব্যাটারিগুলো চার্জ না দেয়ার ফলে সেগুলোর ক্ষতি হতে পারে বা নষ্ট হয়ে যেতে পারে।

এমতাবস্থায়, করোনা কালীন শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

- প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ৪০-৫০% চার্জ দিতে হবে।
- সম্ভব হলে চার্জ দেয়ার পরে ল্যাপটপ গুলো ব্যবহার না করা হলে ব্যাটারিগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শুকনো জায়গায় সংরক্ষণ করতে হবে।
- ল্যাপটপ বা ডেস্কটপ এ কোনো গুরুত্বপূর্ণ ডকুমেন্টস বা ডাটা থাকলে তা ব্যাকআপ রাখতে হবে।
- ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হলে অবশ্যই তা ব্যবহার করা এবং উইন্ডোস, এন্টিভাইরাস, ম্যালওয়্যার ইত্যাদি গুরুত্বপূর্ণ সফটওয়্যারগুলো আপডেটেড রাখতে হবে।
- কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নিজস্ব উদ্যোগে কম্পিউটার ল্যাবগুলো ব্যবহার করে অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অধ্যক্ষ / প্রধান শিক্ষক ,

.....  
কুমারখালী, কুষ্টিয়া।

  
(রাজীবুল ইসলাম খান)  
উপজেলা নির্বাহী অফিসার  
কুমারখালী, কুষ্টিয়া

মোবাইলঃ ০১৭৩০৪৭৩৬৩০

ই-মেইলঃ unokumarkhali@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া।
- ৪) অফিস কপি।